

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।  
(আইসিটি শাখা)  
www.sylhet.gov.bd

স্মারক নং-০৫.৬০.৯১০০.০২৪.২৫.০০১.১৭. ২৭৬

তারিখ: ০৬ আষাঢ় ১৪২৪  
২০ জুন ২০১৭

বিষয় : ইমাম মুয়াজ্জিনগণের ইমাম বাতায়ন বিষয়ক ওরিয়েন্টেশন কর্মশালা আয়োজনের জন্য সিটি কর্পোরেশন এলাকাধীন ইমাম-মুয়াজ্জিনগণের ওয়ার্ডওয়ারী তথ্য প্রেরণ।

সূত্র : এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ৩১/০৫/২০১৭ তারিখের ০৩.৮০২.০০.০০.০০.২০১৭.১৫১১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক ইমাম মুয়াজ্জিনগণের জন্য ইমাম বাতায়ন নামে (<http://ইমাম.বাংলা>) একটি পোর্টাল চালু করা হয়েছে। উক্ত বাতায়নে ইমাম-মুয়াজ্জিনের নিবন্ধন ও ব্যবহার বিষয়ে ওরিয়েন্টেশন কর্মশালা আয়োজনের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে সিলেট জেলার ০৪ জন ইউডিসি উদ্যোক্তাকে এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক ইমাম বাতায়ন বিষয়ক ToT প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত ইউডিসির উদ্যোক্তাগণ প্রতিটি ওয়ার্ডের ইমাম-মুয়াজ্জিনগণকে প্রশিক্ষণ প্রদান করবেন। সেলক্ষে সিলেট সিটি কর্পোরেশন আওতাভুক্ত ওয়ার্ডসমূহের মসজিদের ইমাম-মুয়াজ্জিনগণদের প্রশিক্ষণে উপস্থিতি নিশ্চিতসহ ইমাম বাতায়নে নিবন্ধনের জন্য হালনাগাদ তথ্য থাকা প্রয়োজন।

২। এমতাবস্থায় আগামী ২৯/০৬/২০১৭ তারিখের মধ্যে নিম্নোক্ত ছক অনুযায়ী সিলেট সিটি কর্পোরেশনের আওতাভুক্ত ওয়ার্ডওয়ারী ইমাম-মুয়াজ্জিনের তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ওয়ার্ড নং--

ক্রম	নাম	পদবী	মোবাইল নম্বর	মসজিদের নাম

  
২০/৬/১৭

(সৈয়দ মোহাম্মদ আমিনুর রহমান)  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
সিলেট

ফোন: ০৮২১-৭২২৭১৬

ই-মেইল: adcietsylhet@yahoo.com

উপপরিচালক  
ইসলামিক ফাউন্ডেশন  
সিলেট।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১. মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, সিলেট।
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. গোপনীয় সহকারী, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।